

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ১২.০০.০০০০.০৩০.৪০.১৯৭.১৯-৭৩

তারিখঃ ০২/০২/১৪২৬ বঙ্গাব্দ
১৬/০৫/২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ আগামী ২০১৯-২০ অর্থ বছরে বেসরকারি পর্যায়ের মাধ্যমে সার আমদানি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২০১৯-২০ অর্থ বছরে ভর্তুকির আওতায় বেসরকারি পর্যায়ের মাধ্যমে ২.৭৫ লক্ষ মে. টন টিএসপি, ৪.০০ লক্ষ মে. টন ডিএপি, ৩.৫০ লক্ষ মে. টন এমওপি এবং ০.৫০ লক্ষ মে. টন পাউডার এমএপি সার সংগ্রহ করা হবে। সারের সংগ্রহ পরিকল্পনা প্রণীত হওয়ায় বিগত ২৯/০১/২০১৫ খ্রি: তারিখ নং-১২.০০.০০০০.০৩০.০৪০.১১৫.১৫-৫৮ স্মারকে জারীকৃত "নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ/প্রদান পদ্ধতি" সংক্রান্ত পরিপত্রের আলোকে এবং নিম্ন-বর্ণিত নির্দেশনা অনুসরণপূর্বক ভর্তুকির আওতায় বেসরকারি পর্যায়ের জন্য নির্ধারিত কোটার সার সংগ্রহের নিমিত্ত সার আমদানিকারকগণের (নিজস্ব প্যাডে) নিকট হতে প্রস্তাব আহবান করা যাচ্ছেঃ

ক। বেসরকারি পর্যায়ে সার আমদানির লক্ষ্যে আগামী ২৯ মে ২০১৯ তারিখ রোজ বুধবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকার মধ্যে সীলগালাকৃত খামে প্রস্তাব দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপর সারের নাম উল্লেখ করতে হবে। সীলগালাকৃত খামে প্রস্তাবসমূহ কৃষি মন্ত্রণালয়ের (ভবন ৪, বাংলাদেশ সচিবালয়) ৫০৮ নম্বর কক্ষের সামনে রক্ষিত বাক্স অথবা বিএডিসি'র সদস্য-পরিচালক (সার ব্যবস্থাপনা বিভাগ), {৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা} এর দপ্তরে রক্ষিত বাক্সে জমা দিতে হবে। একটি প্রস্তাবে একাধিক দর উল্লেখ থাকলে প্রস্তাব বাতিল মর্মে গণ্য হবে।

খ। সারের চাহিদা পূরণকল্পে শেষদিকে কোন নির্দিষ্ট পরিমাণ সারের জন্য একাধিক প্রস্তাবকের দর একই হলে সমহারে বন্টনের মাধ্যমে চাহিদা পূরণ করা হবে। চূড়ান্ত মনোনয়ন/কার্যাদেশ জারীর পর ০৫ কার্যদিবসের মধ্যে ঋনপত্র স্থাপনপূর্বক বিধি মোতাবেক জামানতের অর্থসহ কৃষি মন্ত্রণালয়ে জমা দিতে হবে। ভর্তুকি বিল দাখিলের সময় সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রত্যয়িত মুদ্রার বিনিময় হার (মার্কিন ডলার/টাকা) জমা দিতে হবে। বেসরকারি পর্যায়ে সার আমদানির ক্ষেত্রে ব্যাংক সুদ হার ০৯% (নয় শতাংশ) প্রযোজ্য হবে। স্থানীয়বায় টনপ্রতি ১৫০০ (একহাজার পাঁচশত) টাকা এবং মুনাফা ৩ (তিন) শতাংশ পূর্বের ন্যায় বলবৎ থাকবে। নির্ধারিত তারিখের মধ্যে ঋনপত্র স্থাপনে ব্যর্থ হলে জামানতবাবদ জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্তসহ মনোনয়ন বাতিল বলে গণ্য হবে এবং তালিকার পরবর্তী দরদাতাকে সার সরবরাহের জন্য প্রস্তাব করা যাবে।


গ। টিএসপি, ডিএপি এবং পাউডার এমএপি সারের ক্ষেত্রে ১৫ অক্টোবর ২০১৯ এবং এমওপি সারের ক্ষেত্রে ১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে সার জাহাজীকরণ করতে হবে। Force Majeure ছাড়া অন্য কোন কারণে জাহাজীকরণের সময় বৃদ্ধিতে প্রতিদিন ২৫ টাকা/টন পর্যন্ত জরিমানা আরোপের এখতিয়ার কৃষি মন্ত্রণালয় সংরক্ষণ করে।

ঘ। পাউডার মনো-এ্যামোনিয়াম ফসফেট (এমএপি) সারের চাহিদা তুলনামূলকভাবে কম (৫০,০০০ মে. টন) হওয়ায় একাধিক দরদাতার অংশগ্রহণ এবং জাহাজীকরণের সুবিধার্থে একক প্রতিষ্ঠান কর্তৃক পাউডার এমএপি সারের চাহিদার সর্বোচ্চ ৪০% (চল্লিশ শতাংশ) পরিমাণ সারের জন্য প্রস্তাব দাখিল করতে পারবে।

ঙ। আমদানিকারকগণকে প্রস্তাবের সাথে সারের উৎপাদক প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে Manufacturer Certificate জমা দিতে হবে। Manufacturer Certificate-এ সারের বিনির্দেশসহ সংশ্লিষ্ট আমদানিকারককে নির্দিষ্ট পরিমাণ সার নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহে সম্মত মর্মে উল্লেখ থাকতে হবে। বিগত ২৯/০১/২০১৫ তারিখ নং-১২.০০.০০০০.০৩০.০৪০.১১৫.১৫-৫৮ স্মারকে জারীকৃত "নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ পদ্ধতি" সংক্রান্ত পরিপত্র মোতাবেক প্রস্তাব দাখিলে ব্যর্থ হলে বা কোন অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ প্রস্তাব দাখিল করলে তা বাতিল বলে গণ্য হবে।

চ। বেসরকারি সার আমদানিকারকগণ আমদানিকৃত সার বিভিন্ন মোকামে (চট্টগ্রাম, নারায়নগঞ্জ, নগরবাড়ী ও নোয়াপাড়া) সংরক্ষণ করবেন। মোট আমদানিকৃত সারের মধ্যে চট্টগ্রামে সন্ধ্যা ৫%; নারায়নগঞ্জে সন্ধ্যা ৩০%, নগরবাড়ীতে সন্ধ্যা ৩৫% এবং নোয়াপাড়ায় সন্ধ্যা ৩০% সংরক্ষণ করতে হবে। উক্ত মোকামসমূহ ছাড়া অন্য কোন মোকামে সার সংরক্ষণ করতে হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকসহ জেলার উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং কৃষি মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনাসহ "নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ/প্রদান পদ্ধতি" সংক্রান্ত পরিপত্রের শর্তাদি প্রতিপালনপূর্বক সার আমদানি প্রস্তাব দাখিলের বিষয়ে সার আমদানিকারকগণকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(শেখ ফরিদুল আলম)

উপ-প্রধান

ফোন: ৯৫৪০৬০৬

চেয়ারম্যান

বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন

আলরাজি কমপ্লেক্স, ১৬৬-১৬৭ পুরানা পল্টন, ঢাকা।

অনুলিপিঃ

ঃ চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।

ঃ সদস্য-পরিচালক, সার ব্যবস্থাপনা বিভাগ, বিএডিসি, দিলকুশা বা/এ, ঢাকা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

ঃ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ঃ সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)